



বিড়ি শ্রমিকদের জন্য কল্যাণকামী কর আইন, ১৯৭৬

কেন্দ্রীয় সরকার সরকারী বিজ্ঞপ্তি জারী করে বিড়ি শ্রমিক কল্যাণকামী তহবিল আইন, ১৯৭৬-এর অধিকার বলে, পঞ্চাশ পয়সা থেকে পাঁচ টাকা হারে প্রতি একহাজার বিড়ির ওপর কর বসাতে পারে। এই অর্থ বিড়ি শ্রমিকদের কল্যাণের উদ্দেশ্যে, প্রস্তুত বিড়ির ওপর ধার্য করা যাবে। কেন্দ্রীয় সরকার সময় বিশেষে সরকারী বিজ্ঞপ্তি জারী করে এই কথা ঘোষণা করতে পারেন।